

দুরালাপনীঃ অফিসঃ ০২৩৩৩০-২৩৮০১-৮০৮

Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস് ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ঢাক্কা-৮১০০

প্রচার পত্র নং-৮৭ /২০২১

তারিখঃ ০১/০৩/২০২১খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,

কাস্টম হাউস, চট্টগ্রাম এর স্মারক নং- এস ৪-২/প্রশাসন/প্রিঃ-৭(অংশ-১)/২০১০/২০১২-১৩/১৯৮৮৯(১১), তারিখঃ ০৮/০৩/২০২১খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম

নথি নং-এস ৪-২/প্রশাসন/প্রিঃ-৭(অংশ-১)/২০১০/২০১২-১৩/

তারিখঃ ০৮/০৩/২০২১খ্রিঃ

বিষয়ঃ আমদানিকৃত পণ্যচালানের দ্রুত শুল্কায়ন ও ত্বরিত খালাসের লক্ষ্যে আমদানি দলিলাদি ও বিল অব এন্ট্রিতে পণ্যের Responsive Declaration প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। চট্টগ্রাম কাস্টম হাউস দিয়ে আমদানিকৃত সমুদয় পণ্যের মধ্যে কেবল ১০% পণ্যের কার্যক পরীক্ষা করা হয়ে থাকে। অবশিষ্ট ৯০% পণ্য কার্যক পরীক্ষা ব্যতিত শুল্কায়নপূর্বক খালাস প্রদান করা হয়। এক্ষেত্রে যথাযথ শুল্কায়নের লক্ষ্যে আমদানি দলিলাদি ও বিল অব এন্ট্রিতে Responsive Declaration দেয়া অতীব জরুরী। আমদানিকারক কর্তৃক Responsive Declaration প্রদান করা হলে পণ্যচালান যেমন দ্রুত শুল্কায়ন ও খালাস প্রদান করা সম্ভব হবে তেমনি Cost of Doing Business হ্রাস পাবে। উদাহরণস্বরূপ, বিভিন্ন আমদানিকারক তাঁদের আমদানি দলিলাদিতে কেবল Taps & Cocks ঘোষণা দিয়ে থাকেন। কিন্তু আয়রণ/স্টিলের তৈরী Taps & Cocks এর প্রতি কেজির ন্যূনতম মূল্য ৩ মার্কিন ডলার এবং Brass এর তৈরী Taps & Cocks এর প্রতি কেজির ন্যূনতম মূল্য ৫ মার্কিন ডলার। এছাড়া, Kitchenware, Sanitary items- সহ এ জাতীয় পণ্য তাদের তৈরির উপাদানের ভিত্তিতে (প্লাস্টিকের তৈরী হলে চ্যাপ্টার-৩৯, সিরামিকের তৈরী হলে চ্যাপ্টার-৬৯, গ্লাসের তৈরী হলে চ্যাপ্টার-৭০, কপারের তৈরী হলে চ্যাপ্টার-৭৪ এবং অ্যালুমিনিয়ামের তৈরী হলে চ্যাপ্টার-৭৬) শ্রেণীবন্যাস করা হয়। অধিকন্তু মেশিনারীর ক্ষেত্রে ব্রাউন, মডেল, আর্ট নম্বর, পার্ট নম্বর, বিটিইউ/ওয়াট (প্রযোজ্য ক্ষেত্রে) এবং খাদ্যদ্রব্যের ক্ষেত্রে Ingredients উল্লেখ করা না হলে পণ্যের শুল্কায়ন (H.S. Code ও মূল্য নিরপন) কার্যক্রমে জটিলতা সৃষ্টি হয়। যার ফলে পণ্য খালাসে অনাকাঙ্খিত বিলম্ব হয়।

৩। এমতাবস্থায়, আমদানিকৃত পণ্যচালানের দ্রুত শুল্কায়ন ও ত্বরিত খালাসের মাধ্যমে Cost of Doing Business হ্রাস করার লক্ষ্যে আমদানিকৃত পণ্যচালানের ক্ষেত্রে পণ্যের সুনির্দিষ্ট বর্ণনা, পরিমাণ, ব্রাউন, মডেল, আর্ট নম্বর, BTU ইত্যাদি উল্লেখপূর্বক Responsive Declaration প্রদান করার জন্য সকল পর্যায়ের আমদানিকারকদের অনুরোধ করা হলো।

স্বাগতঃ-

[এ, কে, এম সুলতান মাহমুদ]

ডেপুটি কমিশনার অব কাস্টমস্ (প্রিভেটিভ)

কমিশনার অব কাস্টমসের পক্ষে।

নথি নং- এস ৪-২/প্রশাসন/প্রিঃ-৭(অংশ-১)/২০১০/২০১২-১৩/১৯৮৮৯(১১)

তারিখঃ ০৮/০৩/২০২১খ্রিঃ